বি এম এসের সাধারণ সম্পাদক উদয় পটবর্ধন এবং সম্পাদক বৈজনাথ রায় উভয়েই চিদম্বরমের এই বৈঠককে একটি ইতিবাচক পদক্ষেপ বলে মন্তব্য করেন। তাঁরা বিমানবন্দর বেসরকারীকরণের প্রস্তাব নাকচ করার দাবি জানিয়েছেন। কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের জন্য ষষ্ঠ বেতন কমিশন গঠন করারও দাবি করা হয়েছে।

আজ বাজেট সংক্রান্ত আলোচনায় শ্রমিক নেতারা সাধারণ ভাবে যে সব দাবি তুলেছেন, তা মূলত সংগঠিত ক্ষেত্রের (অর্থাৎ শ্রমজীবী মানুষের দশ শতাংশের) জন্য। কিন্তু সেখানেও বিভিন্ন জন বিভিন্ন কথা বলেছেন এবং তার মধ্যে সরকারের নড়াচড়ার জন্য যথেষ্ট জায়গা থেকে গিয়েছে। যেমন, প্রভিডেন্ট ফান্ডের সুদের হার। চিত্তব্রতবাবু যখন দাবি করেছেন, এই সুদের হার ১২ শতাংশে নিয়ে যাওয়া হোক, তখন গুরুদাসবাবু এখনকার সাড়ে নয় শতাংশ বজায় থাকলেই খুশি। আবার ইনটাকের (কংগ্রেসের শ্রমিক শাখা) সভাপতি সঞ্জীব রেড্ডি বলেছেন, ফান্ডের টাকা এখন যে ভাবে বিনিয়োগ করা হচ্ছে, তাতে সুদের হার সাড়ে নয় শতাংশে ধরে রাখা কঠিন হবে। তাই ওই টাকা আরও সাহসী উপায়ে বিনিয়োগ করার পক্ষে রায় দিয়েছেন তিনি। গুরুদাসবাবু আবার তার ঘোরতর বিরোধী। অন্য দিকে, পি এফের তহবিল লগ্নির ক্ষেত্রগুলি আরও সম্প্রসারিত করতে পি এফের কেন্দ্রীয় অছি পরিষদের উপরই পুরো দায়িত্ব ছেড়ে দেওয়ার দাবি জানিয়েছে বি এম এস।

রাষ্ট্রায়ত্ত শিল্পের বেসরকারীকরণের প্রশ্নেও শ্রমিক নেতাদের মধ্যে রয়েছে একই ধরণের মতবিরোধ। সিটু, এ আই টি ইউ সি-সহ বামপন্থীরা বেসরকারীকরণের বিরুদ্ধে। আবার ইনটাক দাবি করছে, সরকার যদি দায়িত্ব ছেড়ে দেয় তা হলে শ্রমিকদের সমবায় গড়ে তা চালানোর বিষয়টিকে অগ্রাধিকার দিতে হবে। ইনটাক অন্ধ্রে এই ধরনের পরীক্ষা-নিরীক্ষা করেছে এবং তাতে ফলও পেয়েছে। কিন্তু কমিউনিস্টরা এই ধরণের প্রস্তাবে রাজি নন। তাৎপর্যপূর্ণ ভাবে বি এম এসের (সঙ্ঘ পরিবারের সংগঠন) উদয় রাজ পটবর্ধন বলেছেন, সব চেয়ে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলি

এর পর সাতের পাতায়

ANADABAZAR PATRIKA ' 6 JUN

on Tuesday with his daughters and son-in-law. — PTI

Divestment panel sans members

Statesman News Service

NEW DELHI, May 25. — Even as the future of the divestment ministry remains under cloud, the Divestment Commission is virtually defunct with all its members having tendered their resignations en masse to former minister Mr Arun Shourie.

The panel chairman, Mr RH Patil, and four part-time members handed in their resignations to Mr Shourie, right after the election results were out and much before the issue blew into a huge controversy that led to a bloodbath on the bourses.

The resignations were made to enable the new government to have a free hand to reconstitute the commission, officials said.

The resignations of Mr TL Shankar, Mr NV Iyer, Mr VV Desai and Mr KRS Murthy are still reported to be pending with the government.

The Divestment Commission was reconstituted in 2001 after remaining dormant for two years, initially for a two-year period. It was given a year's extension, till October 2004.

It was first set up in 1996-97, during the United Front regime. A separate divestment ministry came into being after the NDA came to power. Post-elections, the Left parties have been strident in their demand to scrap the ministry, sending the capital market into a tail spin.

Sorabjee, Vora quit

NEW DELHI, May 25. — Mr Soli J Sorabjee has resigned as Attorney-General. He congratulated Dr Manmohan Singh on "forming and leading" a new government.

The Centre's interlocutor on Kashmir Mr NN Vohra too has resigned. He submitted his resignation to Dr Singh two days back, a day after the new government was sworn in. — SNS

Details on page 4

THE STATESMAN 26 MAY 2004

Attack on tea union leader

AVIJIT SINHA AND ANIRBAN CHOUDHURY

Birpara, April 8: A mob of about 250 tea garden workers attacked a trade union leader and his henchman, killing one person and setting houses on fire in a rerun of the massacre in neighbouring Dalgaon tea estate.

Nandeshwar Gope, the Citu secretary of Birpara tea estate in Jalpaiguri district, escaped the mob that split into groups and struck at two labour lines of the garden almost at the same time this morning.

Gope's right-hand man Birsa Oraon had been arrested a few days ago on a pending warrant. His family fled today seeing the mob approach. Police have provided Gope protective custody.

At Dipa labour lines, suspected RSP supporters ransacked Gope's deserted house and set it ablaze. The neighbouring house also bore the brunt. As the residents fled, Singa Oraon, 46, was stabbed to death and Budhuram Oraon wounded. He was later admitted to North Bengal Medical College and Hospital.

Ten minutes after 7 am, the other group descended on the neighbouring lines where Birsa Oraon lived and burnt his house.

Superintendent of police Siddh Nath Gupta said: "It's a political clash between two parties. Raids are on to nab the attackers." Over 50 people have been arrested and 20 others detained.

Looking at their wrecked house from a distance, Birsa's son Panchait Oraon said: "We never imagined such an incident could happen here. We fled the house seeing the mob armed with daggers, swords and rods."

Sukra Oraon, a CPM member of the Sishujhumra gram panchayat, said: "Everybody is a CPM supporter in the garden. Recently, anti-socials from outside instigated a few labourers to join the RSP. It is the RSP which is responsible for today's incident."

A woman who was among the attackers trained the gun on Gope. "He was corrupt and so were his accomplices. They used to extort money from the labourers and had unleashed terror. The attack was an outburst against his accumulated sins," said Sundari Oraon, who was arrested.

About 1,000 garden workers had attacked a former Citu leader's house in neighbouring Dalgaon, setting it afire and killing 19 of his supporters. In Calcutta, CPM state secretary Anil Biswas said today's incident had nothing to do with last November's massacre at Dalgaon.

THE TELEGRAPH

সিটুকর্মী খুন, চা-বাগানে শরিকি দ্বন্দ্বের আগুনে নেতার গৃহদাহ

বিশ্বজ্যোতি ভট্টাচার্য ও নিলয় দাস

বীরপাড়া: দলগাঁওয়ের পরে এ বার তারই লাগোয়া বীরপাড়া। ফের আগুন জ্বলল ডুয়ার্সের চা-বাগানে। বৃহস্পতিবার সকালে বীরপাড়া চা-বাগানে সিটুকর্মী এক শ্রমিককে কুপিয়ে খুন করা হয়েছে, আহত হয়েছেন অন্য এক সিটু-সমর্থক। তার আগে হামলাকারীরা ওই চা-বাগানের সিটু অনুমোদিত চা-বাগান মজদুর ইউনিয়নের সম্পাদক নন্দেশ্বর গোয়ালার বাড়ি ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয়। তিনি অবশ্য তার আগেই সপরিবার বাড়ি ছেড়ে পালিয়ে গিয়ে প্রাণে বাঁচেন। বাড়ি জ্বালিয়ে দেওয়া হয় আরও দুই সিটুকর্মীর। ইউনিয়ন দখল নিয়ে সি পি এম এবং আর এস পি-র মধ্যে গণ্ডগোলের জেরেই ওই ঘটনা ঘটেছে বলে বীরপাড়া চা-বাগানের শ্রমিকদের একাংশ অভিযোগ করলেও লোকসভার নির্বাচনের মুখে শরিকি সংঘর্ষের কথা স্বীকার করতে রাজি হননি দু'দলের কোনও নেতাই।

জলপাইগুড়ির পুলিশ সুপার সিদ্ধিনাথ গুপ্ত বলেন, "হামলাকারীরা পুলিশকেও প্রথমে বাগানে ঢুকতে বাধা দিয়েছে। শেষ পর্যন্ত লাঠি চালিয়ে এক দল মহিলাকে রাস্তা থেকে সরিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হয়েছে। তবে হামলাকারীরা কোনও রাজনৈতিক দলের কি না, সেটা এখনই বলা সম্ভব নয়।" পুলিশ সুপার এ কথা বললেও কলকাতায় আই জি (আইনশৃঙ্খলা) চয়ন মুখোপাধ্যায় বলেন, "ওই বাগানে কয়েক দিন ধরে সিটু এবং আর এস পি-র মধ্যে গণ্ডগোল চলছিল। আর এস পি সমর্থিত লোকেরাই নন্দেশ্বর গোয়ালার বাড়িতে আক্রমণ চালায়।"

পুলিশের লাঠিতে আহত সীমা ওরাওঁ নামে এক মহিলাকে হাসপাতালে ভর্তি করানো হয়েছে। পুলিশের কাজে বাধা দেওয়া এবং হামলার ঘটনায় জড়িত সন্দেহে রাত পর্যন্ত গ্রেফতার করা হয়েছে ২৫ মহিলা-সহ মোট ৫০ জনকে। পুলিশ জানিয়েছে, নিহতের নাম সিঙ্গা ওরাওঁ (৪৫)। তিনি সিটু নেতা নন্দেশ্বরের ছায়াসঙ্গী ছিলেন বলে বাগান সূত্রের খবর।

বিষয়টিকে আপাতত অরাজনৈতিক মোড়ক দেওয়ার চেষ্টা হলেও জেলা সি পি এম তথা সিটুর সম্পাদক মানিক সান্যাল কিন্তু খবর পেয়ে এ দিন সকালেই তড়িঘড়ি বীরপাড়ায় চলে আসেন। তিনি জানান, "বীরপাড়া চা-বাগানে সিটুর সংগঠন ভাঙতেই এই হামলা হয়েছে। তবে হামলাকারীরা আর এস পি-র কি না, এখনই তা নিশ্চিত ভাবে বলতে পারছি না। তেমনটা হলে নির্বাচনে ভোটারদের মধ্যে অবশ্যই প্রভাব পড়বে। ঘটনার সঙ্গে আর এস পি-র যোগাযোগ থাকলে বামফ্রন্টের বৈঠকে আমরাও ছেড়ে কথা বলব না।"

জেলার আর এস পি নেতা তথা ডুয়ার্স চা-বাগান ওয়ার্কার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক সুরেশ তালুকদারের বক্তব্য, "ওই চা-বাগানে রেশন ও বেতন নিয়ে কর্মীদের মধ্যে ক্ষোভ ছিল। অনেকেরই ধারণা হয়েছিল, বাগানের ইউনিয়নের নেতার দোষেই তাঁরা নিয়মিত মজুরি পাচ্ছেন না।" বীরপাড়া চা-বাগানের কর্তৃপক্ষ এই ব্যাপারে কোনও মন্তব্য না-করলেও ইন্ডিয়ান টি অ্যাসোসিয়েশনের ডুয়ার্স শাখার উপ-সচিব প্রাঞ্জল নিয়োগ জানান, "কেন এমন হল, তা খতিয়ে দেখছি।"

এ দিনের ঘটনাস্থল থেকে ১২-১৩ কিলোমিটার দূরে দলগাঁও চা-বাগানের সিটু নেতা তারকেশ্বর লোহারের বাড়িতে হামলা চালিয়ে গত ৬ নভেম্বর ১৯ জনকে কুপিয়ে ও পুড়িয়ে হত্যা করা হয়। নন্দেশ্বরের মতো তারকেশ্বরও সে-দিন বাড়ি থেকে পালিয়ে বেঁচেছিলেন। দলগাঁওয়ে তারকেশ্বরের 'মাফিয়া রাজ'-এর বিরুদ্ধে সিটুরই একটা বড় অংশের পুঞ্জীভূত ক্ষোভের প্রকাশ ঘটেছিল বলে সব পক্ষ স্বীকার করে নেয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কয়েক মাস ধরে আর এস পি এ-যাবৎ সি পি এমের নিরঙ্কুশ প্রভাব থাকা বীরপাড়া চা-বাগানে ধীরে ধীরে প্রভাব বিস্তারের চেষ্টা করছিল। ৩০ মার্চ আর এস পি-র নেতারা বাগানের স্কুলমাঠে সভা করার পর থেকেই উত্তেজনা বেড়ে যায়। সিটু ছেড়ে বেশ কয়েক জন আর এস পি-র চা-শ্রমিক সংগঠনের দিকে ঝুঁকলে তাঁদের হুমকি দেওয়া হচ্ছিল বলে বাগান সূত্রের খবর। পুলিশি সূত্রের খবর, নন্দেশ্বর তাঁর বাড়িতে হামলাকারী হিসাবে যে-৪০ জনের নামে পুলিশের কাছে অভিযোগ জানিয়েছেন, তাঁদের মধ্যে সম্প্রতি সিটু ছেড়ে যাওয়া কয়েক জন বাগান-শ্রমিক আছেন।

পুলিশ জানায়, এ দিন সকাল সওয়া ৭টা নাগাদ প্রায় ৫০ জন হামলাকারী ধারালো অস্ত্রশস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে আচমকাই বাগানের ডিপো লাইনে নন্দেশ্বরের বাড়িতে যায়। দুষ্কৃতীরা বিনা বাধায় প্রথমে নন্দেশ্বর ও তাঁর ভাই পরমেশ্বরের ফাঁকা বাড়িতে ঢুকে ভাঙচুর করে, কেরোসিন তেল ঢেলে আগুন ধরিয়ে দেয়। কয়েক জন হামলাকারী নন্দেশ্বরের বাড়ির উল্টো দিকে বাঙ্কা ওরাওঁ নামে সিটুকর্মীর ফাঁকা বাড়ি ভাঙচুর করে। তার পরে তারা ৫ নম্বর লাইনে ঢুকে প্রথমে গাদি বিরসার বাড়িতে ভাঙচুর করে আগুন ধরিয়ে দিয়ে ফেরার পথে সিটুকর্মী সিঙ্গা ওরাওঁ তাদের মুখোমুখি পড়ে যান। তাঁকে ভোজালি দিয়ে কুপিয়ে খুন করে দুষ্কৃতীরা। তাদের হাতে জখম আর এক সিটুকর্মী সোমরা ওরাওঁ এখন বীরপাড়া হাসপাতালে চিকিৎসাধীন। পরে নন্দেশ্বরকেও পুলিশ উদ্ধার করে। তাঁর কথায়, "বাগানের কিছু লোক আমার উপরে হামলার ছক কষেছিল। পুলিশকে সে-কথা জানিয়েছি। তারা কারা, পুলিশই সেটা দেখুক।"

রীতিমতো ছক কষেই যে তাঁর বাড়িতে হামলা হয়েছে, ঘটনাস্থলে গিয়ে পুলিশের কাছেও তা স্পষ্ট হয়ে যায়। পুলিশ জানায়, বাগানে ঢোকার পরে পুলিশকর্মীদের ডিপো লাইনের সামনে রাস্তা আটকে দাঁড়ান এক দল সশস্ত্র মহিলা। শেষ পর্যন্ত মাদারিহাট থেকে অতিরিক্ত পুলিশ এলে সকাল সাড়ে ৯টা নাগাদ দমকলকর্মীরা ওই ডিপো লাইনে ঢুকতে পারেন।

ANADABAZAR PATRIKA 9 APR 2004

পি এফের আওতা বাড়িয়ে ৮,০০০ টাকা করছে কেন্দ্র

নির্মাল্য মুখোপাধ্যায়

মাসিক ৮ হাজার টাকা পর্যন্ত বেতনভোগী শ্রমিক-কর্মচারীদের বিধিবদ্ধ প্রভিডেন্ট ফান্ডের (পি এফ) আওতায় আনতে উদ্যোগী কেন্দ্রীয় সরকার। বর্তমানে এই সীমা সাড়ে ৬ হাজার টাকা, অর্থাৎ সাড়ে ছয় হাজার টাকা পর্যন্ত বেতন পান, এমন কর্মীকে পি এফের সুবিধা দিতে নিয়োগকারী বাধ্য। বেতন তার বেশি হলে পি এফ বাধ্যতামূলক নয়। এখন এই সীমাকে বাড়িয়ে ৮ হাজার টাকা করার জন্য চিন্তাভাবনা করছে কেন্দ্র। এর ফলে আরও বেশি কর্মী পি এফের সুবিধা পাবেন।

বিষয়টি নিয়ে কেন্দ্রীয় শ্রম মন্ত্রকে এখন জোর তৎপরতা চলছে। বেশ কয়েকটি বৈঠকও হয়ে গিয়েছে। এ বিষয় আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনার এ মহেন্দ্র রাজুর সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, "খুব শীঘ্রই এ ব্যাপারে সিদ্ধান্ত নেবে কেন্দ্রীয় সরকার। আমরা আমাদের মত জানিয়েছি।" রাজুর মতে, এই পদক্ষেপের ফলে আরও বেশি সংখ্যক শ্রমিক-কর্মচারী বিধিবদ্ধ প্রভিডেন্ট ফান্ডের আওতায় আসবেন।

প্রসঙ্গত উল্লেখ্য, কয়েক দিন আগেই বিধিবদ্ধ ই এস আইয়ের মাত্রা ৬৫০০ টাকা থেকে বাড়িয়ে ৭৫০০ টাকা করা হয়েছে। অর্থাৎ আগে যেখানে মাসে সাড়ে ৬ হাজার টাকা পর্যন্ত বেতন পাওয়া কর্মী ই এস আইয়ের আওতায় আসতেন, এখন সেখানে সাড়ে ৭ হাজার টাকা পর্যন্ত বেতনভোগীরাও ওই সুবিধা পাবেন। এ বিষয়ে প্রয়োজনীয় নোটিসও ইতিমধ্যেই জারি করে দিয়েছে সরকার।

পি এফের ক্ষেত্রেও আরও বেশি শ্রমিক ও কর্মীদের সুবিধা দিতে চাইছে কেন্দ্র। রাজু জানান, বর্তমানে অনেক সংস্থার মালিকপক্ষ সাড়ে ৬ হাজার টাকার বেশি বেতন পাওয়া কর্মীদেরও প্রভিডেন্ট ফান্ড দিয়ে থাকেন, সেটা তাঁদের 'মহানুভবতা'। আইন অনুসারে তাঁরা চাইলেই সাড়ে ৬ হাজার টাকার বেশি বেতন পাওয়া কর্মীদের প্রভিডেন্ট ফান্ড দেওয়া বন্ধ করে দিতে পারেন।

সারা দেশে আনুমানিক ৩ কোটি শ্রমিক-কর্মচারী নির্দিষ্ট ভাবে প্রভিডেন্ট ফান্ডের আওতায় রয়েছেন। ওই কর্মচারীদের বিধিবদ্ধ কয়েক হাজার কোটি টাকা বর্তমানে আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারের হাতে রয়েছে। আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনাররাই ওই বিপুল পরিমাণ অর্থের আমানত রক্ষাকারী। সম্প্রতি সারা দেশে পর্যালোচনা চালিয়ে দেখা গিয়েছে, বিধিবদ্ধ প্রভিডেন্ট ফান্ড দেওয়া এবং না-দেওয়া সংস্থার সংখ্যা প্রায় সমান। যে সব সংস্থা তা দিচ্ছে না, তাদের কাছ থেকে প্রভিডেন্ট ফান্ড আদায় করার দায়িত্ব আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারের।

সর্বশেষ পরিসংখ্যান বলছে, এ বিষয়ে পশ্চিমবঙ্গ সব রাজ্যের উপরে। ২০০৩-'০৪ সালে দোষী সংস্থাগুলির কাছ থেকে পূর্বাঞ্চলীয় আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারের অফিস শ্রমিকদের পি এফ বাবদ প্রাপ্য আনুমানিক ২৫০ কোটি টাকা আদায় করতে সমর্থ হয়েছে। কেবল পশ্চিমবঙ্গেই আনুমানিক ৩৫ লক্ষ মানুষ প্রভিডেন্ট ফান্ডের আওতায় রয়েছেন। তবে পশ্চিমবঙ্গে পাটশিল্পই এ ক্ষেত্রে সব থেকে বেশি মাত্রায় দোষী বলে এখনও পর্যন্ত প্রমাণিত। ওই শিল্পে আনুমানিক ২১৯ কোটি টাকা প্রভিডেন্ট ফান্ড জমা দেওয়া হয়নি। এ জন্য দায়ী সংস্থাগুলির বিরুদ্ধে প্রভিডেন্ট ফান্ড কর্তৃপক্ষের দায়ের করা আনুমানিক ৪০৬টি মামলাও আদালতে আটকে রয়েছে।

এ দিকে, কেন্দ্রের সাম্প্রতিক পদক্ষেপ নিয়ে এখনও পর্যন্ত বিভিন্ন ধরনের চিন্তাভাবনাও রয়েছে। এক সময় প্রভিডেন্ট ফান্ডের আওতার বাইরে থাকার সীমা তুলে দেওয়ার জন্যও কেন্দ্রীয় শ্রম মন্ত্রকে দাবি ওঠে। সে ক্ষেত্রে যে-কোনও শিল্পেই যে-কোনও কর্মী টানা ৬০ দিন কাজ করলেই প্রভিডেন্ট ফান্ডের সদস্য হতে পারতেন। এ ব্যাপারে প্রয়োজনীয় আইন সংশোধন করতে গেলে সমস্যা দেখা দিতে পারে, এটা অনুমান করে সরকার সেই পদক্ষেপ থেকে সরে আসে। বর্তমানে নির্ধারিত সীমা একেবারে তুলে না দিয়ে ছাড়ের মাত্রা কমিয়ে নিয়ে আসতেই সরকার বেশি উদ্যোগী। পরিসংখ্যান বলছে, কয়েক বছরে ছাড়ের সীমা ক্রমেই কমিয়ে এনেছে সরকার। প্রথমটায় তা ছিল ১৫০০ টাকা, তারপর যথাক্রমে ২৫০০ টাকা, ৩৫০০ টাকা, ৫০০০ টাকা এবং সর্বশেষ ৬৫০০ টাকা। বর্তমানে তা বেড়ে ৮ হাজার টাকা হতে চলেছে।

ANADABAZAR PATRIKA 8 AP 10

বেতন হয়নি হিন্দ মোটরে, কর্মীরা তাড়ালেন কর্তাদের

স্টাফ রিপোর্টার: গাড়ি শিল্পে বিনিয়োগ টানার জন্য রাজ্য সরকার যখন উঠেপড়ে লেগেছে, ঠিক তখনই রাজ্যের একমাত্র গাড়ির কারখানা হিন্দুস্থান মোটরসে শ্রমিকদের তাড়া খেয়ে কারখানা-চত্বর ছাড়তে বাধ্য হলেন সংস্থার প্রায় ৪০০ ম্যানেজার এবং এগজিকিউটিভ অফিসার। চুক্তি অনুযায়ী কর্তৃপক্ষ নির্ধারিত দিনে বেতন দিতে ব্যর্থ হওয়ায় বুধবার সকাল ১০টায় সংস্থার একমাত্র স্বীকৃত ইউনিয়নের সদস্যেরা দল বেঁধে ম্যানেজার ও এগজিকিউটিভ অফিসারদের কারখানা থেকে বার করে দেন। তাঁদের উদ্দেশে বলা হয়, তাঁরা যেন উচ্চতর কর্তৃপক্ষকে কর্মীদের ক্ষোভের কথা জানান।

শ্রমিকদের অভিযোগের ফলে সংস্থার কর্তৃপক্ষ যে বেশ অস্বস্তিতে পড়েছেন, তাঁদের প্রতিক্রিয়াতেই তা স্পষ্ট। এ দিন সংস্থার ভাইস প্রেসিডেন্ট জে শঙ্কর বলেন, "কই, তেমন কিছু তো ঘটেনি।" রাজ্যের শ্রম দফতর সূত্রের খবর, ম্যানেজারদের কারখানা থেকে বার করে দেওয়ার কথা কর্তৃপক্ষ সকালেই শ্রম কমিশনারকে জানিয়েছেন। ম্যানেজারদের ঢুকতে না-দিলে কারখানায় তালা ঝোলানো হতে পারে বলেও হুমকি দিয়েছেন তাঁরা।

সংশ্লিষ্ট সংগ্রামী শ্রমিক কর্মচারী ইউনিয়নের সম্পাদক গোবিন্দ চক্রবর্তী স্বাভাবিক ভাবেই জঙ্গি নেতা হিসাবে চিহ্নিত হতে চান না। তাঁর যুক্তি, "দ্বিপাক্ষিক চুক্তি অনুযায়ী শ্রমিকেরা উৎপাদনশীলতার মান বজায় রেখেছেন। কিন্তু কর্তৃপক্ষই নির্দিষ্ট দিনে বেতনের ব্যবস্থা করে তাঁদের শর্ত রক্ষা করতে ব্যর্থ হয়েছেন।" গত ৯ জানুয়ারি স্বাক্ষরিত ওই ত্রিপাক্ষিক চুক্তিতে উল্লেখ করা হয়েছিল, কর্তৃপক্ষ জানুয়ারির বেতন মিটিয়ে দেবেন ৩ মার্চ। ৩০ মার্চ মেটানো হবে ফেব্রুয়ারির বেতন। ক্রমশ বকেয়া বেতন পুরোটা মিটিয়ে দেওয়া হবে। উৎপাদনের ক্ষেত্রে শর্ত ছিল, মাসে ১৩০০ গাড়ি উৎপাদন করতে পারলে কর্মীরা মাথাপিছু মাসে ৩০০ টাকা অতিরিক্ত পারিশ্রমিক পাবেন। ১৩০০-র বেশি প্রতি ১০০টি অতিরিক্ত গাড়ি উৎপাদনের ক্ষেত্রে কর্মীদের মাথাপিছু মাসে ৫০ টাকা অতিরিক্ত পারিশ্রমিক দেওয়ার শর্তও আছে ওই চুক্তিতে। ইউনিয়নের অভিযোগ, কর্মীরা চুক্তির শর্ত অনুযায়ী উৎপাদনের মাত্রা পূর্ণ করলেও কর্তৃপক্ষ শর্ত ভেঙে নির্ধারিত দিনে বেতন দিলেন না। কবে ওই বেতন দেওয়া হবে, সে ব্যাপারেও বুধবার পর্যন্ত কোনও নোটিস দেননি তাঁরা।

সংগ্রামী শ্রমিক ইউনিয়নের সভাপতি গুরুদাস দাশগুপ্ত অবশ্য জানান, আজ, বৃহস্পতিবার থেকেই কারখানায় পুরোপুরি স্বাভাবিক অবস্থা ফিরে আসবে। ম্যানেজারেরাও ঢুকতে পারবেন। গুরুদাসবাবু অভিযোগ করেন, কর্তৃপক্ষ দেড় বছর ধরে কর্মীদের দেড় থেকে দু'মাস দেরিতে বেতন দিচ্ছেন। অবসরের পরে এখনও অনেক কর্মী গ্র্যাচুইটি পাননি। বকেয়া মহার্ঘ ভাতাও মেটানো হয়নি। কর্মীরা ছুটির দিনেও ওভারটাইম না-নিয়ে কাজ করছেন। বুধবারের ঘটনা কর্মীদের ওই সব ক্ষোভেরই প্রতিক্রিয়া বলে মন্তব্য করেন তিনি। তাঁর ইউনিয়ন এ ব্যাপারে রাজ্য সরকারের হস্তক্ষেপ দাবি করেছে। সরকার থেকে জানানো হয়েছে, কাল, শুক্রবার হিন্দ মোটর নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হয়েছে।

গুরুদাসবাবুর এই ক্ষোভে সামিল কারখানার সিটু ইউনিয়নের নেতা সুখেন্দু বিশ্বাস এবং ইনটাক ইউনিয়নের নেতা অজিত চক্রবর্তীও। তাঁরা মনে করেন, চুক্তি ভেঙে কর্তৃপক্ষ

এর পর ছয়ের পাতায়

হিন্দমোটরে গেটমিটিং। বুধবার ছবিটি তুলেছেন তপন দাশ।

বেতন হয়নি হিন্দমোটরে

প্রথম পাতার পর

অন্যায় করেছেন। তবে তাঁরা গোবিন্দবাবুদের প্রতিক্রিয়া জানানোর ভাষার বিরোধিতা করেন। ম্যানেজারদের বার করে দেওয়াটা 'হঠকারী' আখ্যা দেন অজিতবাবু। তিনি বলেন, এ দিনের ঘটনার জন্য সরকারের কাছ থেকেও চাপ আসতে পারে শ্রমিকদের উপরে। তাতে শেষ পর্যন্ত লাভ হবে কর্তৃপক্ষের। তাঁরা এই ঘটনার সুযোগ নিয়ে প্রশাসনের সহানুভূতি আদায় করে নেবেন। নিজেদের ব্যর্থতা ঢাকা দেওয়ার সুযোগ পেয়ে যাবেন। সুখেন্দুবাবুর মতে, সাধারণ ম্যানেজার-এগজিকিউটিভদের কারখানা থেকে বার করে দেওয়া অর্থহীন।

তবে কারখানার ম্যানেজরাদের বহিষ্কারে জঙ্গি আন্দোলনের ইঙ্গিত আছে, এ কথা মানতে চান না গোবিন্দবাবু। তিনি বলেন, "নিরাপত্তার কারণেই আমরা ম্যানজারদের কারখানার বাইরে যেতে অনুরোধ করি। কারণ, প্রতিশ্রুত বেতন না-পেয়ে কর্মীরা অত্যন্ত উত্তেজিত ছিলেন। ওই পরিস্থিতিতে ম্যানেজারদের নিরাপত্তার কথা ভেবেই আমরা তাঁদের বাইরে যেতে বলি।" তবে উৎপাদন ব্যাহত হয়নি বলে জানিয়েছেন গোবিন্দবাবু। স্বাভাবিক দিনে প্রায় ৬০টি গাড়ি উৎপাদন হয়। বুধবারেও তা-ই হয়েছে।

মাওবাদী-সেনা সংঘর্ষে নেপালে হত ৪১

কাঠমাণ্ডু, ৩ মার্চ— নেপালে একটি টেলিকম কেন্দ্র মাওবাদী জঙ্গিদের আক্রমণে অন্তত ৩১ নিরাপত্তা কর্মীর মৃত্যু হয়েছে। এর মধ্যে ১১ জওয়ান ও ১৮ জন পুলিশ। এরা সকলেই টেলিকম কেন্দ্রটির নিরাপত্তার দায়িত্বে ছিলেন। সেনার সঙ্গে তুমুল সংঘর্ষে মৃত্যু হয়েছে ১০ জঙ্গিরও। বুধবার রাতে ঘটনাটি ঘটেছে এখান থেকে ১৭৫ কিলোমিটার দূরে ভোজপুর অঞ্চলে।

গত অগস্টে, দেশে রাজতন্ত্রে টিকিয়ে রাখার প্রশ্নে সরকারের সঙ্গে জঙ্গি সংগঠনটির আলোচনা ভেস্তে যাওয়ার পর এটাই সবচেয়ে বিধ্বংসী হানা বলে সেনা সূত্রে জানানো হয়েছে। প্রায় ১০০০ জঙ্গি সেনা চৌকি, ব্যাঙ্ক, স্থানীয় প্রশাসন ভবন ও টেলিকম কেন্দ্রটি আক্রমণ করে।

4 MAR 2004

ANANDABAZAR PATRIKA 4 MAR 2004

ANADABAZAR PATRIKA

শ্রমচুক্তি পর্যালোচনা, চা শিল্প বাঁচাতে সুপারিশ মানল রাজ্য

স্টাফ রিপোর্টার: অবশেষে চা-বাগানের ১৯৬৯ সালের শ্রমচুক্তি পর্যালোচনা করার দাবি মেনে নিয়েছে রাজ্য সরকার। কর্মীদের উৎপাদনশীলতার মান নির্দিষ্ট করার সুপারিশও মেনে নেওয়া হয়েছে। চা-বাগানের অবস্থা খতিয়ে দেখতে এবং রাজ্যে চা শিল্পের দুরবস্থা ঘোচাতে নিযুক্ত সব্যসাচী সেন কমিটির প্রতিটি সুপারিশ সরকার মেনে নেওয়ায় এই শিল্পে কয়েক বছর ধরে যে-সঙ্কট চলছে, তা মেটার রাস্তা তৈরি হল মনে করছে সংশ্লিষ্ট শিল্প-মহল। এই সঙ্কটের মূলে ছিল চায়ের চাহিদা এবং দাম পড়ে যাওয়া। ওই শিল্পের বক্তব্য, বিভিন্ন চুক্তি ও করের বোঝার কারণে উৎপাদনের খরচ কমানো যাচ্ছিল না। ফলে বেশ কয়েক বছর ধরে টানা লোকসানের রাস্তায় হেঁটে বেশির ভাগ বাগানেরই নাভিশ্বাস উঠে গিয়েছে। কিছু বাগান ছেড়ে মালিকেরা পালিয়েও গিয়েছেন। এর ফলে উত্তরবঙ্গের অর্থনীতিও মুখ থুবড়ে পড়েছিল। কয়েকশো শ্রমিক অনাহারে মারা যান বলেও অভিযোগ। এই সিদ্ধান্তের ফলে বাগানগুলি উৎপাদনশীলতা বাড়িয়ে ও খরচ কমিয়ে লাভের মুখ দেখার রাস্তায় হাঁটতে পারবে বলে মনে করা হচ্ছে।

বৃহস্পতিবার রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সেন কমিটির সুপারিশ অনুমোদন করা হয়। শুক্রবার শিল্প-বাণিজ্য মন্ত্রী নিরুপম সেন মহাকরণে জানান, এই সুপারিশগুলির মধ্যে ১০টির রূপায়ণের ক্ষেত্রে কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রক এবং টি বোর্ডের সহায়তা প্রয়োজন। তিনটি সুপারিশের ক্ষেত্রে রাজ্য-কেন্দ্রকে যৌথ ভাবে এগোতে হবে। শ্রমচুক্তি এবং সেলামির মতো যে-১০টি সুপারিশ রাজ্যের এক্তিয়ারে, সেগুলির দ্রুত রূপায়ণের ব্যবস্থা হবে বলে জানিয়েছেন নিরুপমবাবু। চা শিল্প-মহলও এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

সরকার যে-সব ব্যবস্থা নেবে বলে সিদ্ধান্ত নিয়েছে, সেগুলি হল: • চা-বাগান হস্তান্তরের ক্ষেত্রে সেলামি একসঙ্গে দিতে হবে না। ৩০ বছর ধরে ২৮টি সমান কিস্তিতে তা দেওয়া যাবে। বাগান কেনার প্রথম দু'বছর সেলামি বাবদ কোনও টাকা দিতে হবে না। তৃতীয় বছর থেকে সেলামি দিতে হবে। দার্জিলিঙের বাগানে সেলামির নিম্নসীমা বেঁধে দেওয়া হবে। • কাঁচা চা-পাতা বা পাতির উপরে ১২ পয়সা কেজি হারে যে-সেস দিতে হত, তা আপাতত তিন বছরের জন্য স্থগিত রাখা হবে। • এজেন্টের মারফত নিলাম থেকে চা কিনে সরকার রেশনে বণ্টনের ব্যবস্থা করবে। মন্ত্রী বলেন, পাইকারি বাজারে চায়ের দাম কম অথচ খুচরো বাজারে তা যথেষ্ট বেশি। তার অর্থ, মাঝপথে কোথাও অব্যবস্থা হচ্ছে। দাম নিয়ন্ত্রণে রাখতে গণবণ্টনের মাধ্যমে তা দিতে চায় সরকার।

• পরিত্যক্ত চা-বাগানের শ্রমিকদের বি পি এল রেশন কার্ড দেওয়া হবে। পরিত্যক্ত বাগান সরকার অধিগ্রহণ করে শ্রমিকদের সমবায় করার আমন্ত্রণ জানাবে। বা অন্য কেউ তা কিনে নিতে চাইলে তাঁকে দেওয়া হবে। বাগানের সমস্ত দায়ও বর্তাবে যিনি বা যাঁরা নিচ্ছেন, তাঁদের উপরে। মন্ত্রী জানান, তাঁদের হিসাবে রাজ্যে পরিত্যক্ত বাগানের সংখ্যা সাত, লক-আউট হয়ে থাকা বাগানের সংখ্যা ১৫। দুইয়ে মিলিয়ে ক্ষতিগ্রস্ত শ্রমিকের সংখ্যা ২০,৬৪২।

• শ্রমিকদের বাড়িতে আলাদা করে বিদ্যুৎ-সংযোগ দেওয়া হবে। এর জন্য সিকিওরিটি ডিপোজিট দিতে হবে মালিককে।

মন্ত্রী জানান, ৩০ জুন ২০০১-এর পরে যে-সব নতুন ছোট বাগান হয়েছে, সেগুলি বন্ধ করে দেবে সরকার। গাছ উপড়ে ফেলা হবে। নতুন বট লিফ কারখানা করতে আপাতত দেওয়া হবে না।

কেন্দ্র এবং টি বোর্ডের করণীয় বলে যে-সব সিদ্ধান্তকে ওই রিপোর্টে চিহ্নিত করা হয়েছে, সেগুলি হল: কোন বটলিফ কারখানা কোন কোন ছোট বাগানের পাতি কিনতে পারবে, তা নির্দিষ্ট করে দেওয়া। • প্যাকেট চা ছাড়া চায়ের ১০০% নিলামে বিক্রির ব্যবস্থা। প্রতি নিলাম কেন্দ্রে বৈদ্যুতিন সরঞ্জাম ব্যবহার। জলপাইগুড়িতে নতুন নিলাম কেন্দ্র তৈরি করা। • চা রফতানির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ থেকে পরিবহণের জন্য ভর্তুকি দেওয়া।

এই সুপারিশগুলির মধ্যে যে তিনটিকে বিশেষ উল্লেখযোগ্য বলে চা শিল্প মনে করছে তার মধ্যে অন্যতম হল শ্রমচুক্তির পর্যালোচনা। এই চুক্তি অনুযায়ী ১৯৬৯ সালের ১ জানুয়ারি প্রতিটি বাগানে কর্মীর সংখ্যা যা ছিল, সেই সংখ্যক কর্মীই বহাল রাখা বাধ্যতামূলক ছিল। এর ফলে প্রাকৃতিক বিপর্যয়ে বাগানের আয়তন কমে গেলে বা উৎপাদন কমে গেল কর্মী কমানোর উপায় ছিল না বাগান-কর্তৃপক্ষের। চুক্তি পর্যালোচিত হলে এবং উৎপাদনশীলতার মান নির্ধারিত হলে বাগানগুলির পক্ষে বাজারের দামের সঙ্গে তাল মিলেয়ে টিকে থাকা সম্ভব হবে বলে মনে করছে শিল্প-মহল। ইন্ডিয়ান টি অ্যাসোশিয়েশনের চেয়ারম্যান সি কে ধানুকা জানিয়েছেন, বাগানের যা অবস্থা তাতে নতুন লগ্নি না-হলে এই শিল্পকে টিকিয়ে রাখা মুশকিল। রাজ্য সরকারের এই সিদ্ধান্ত, বিশেষ করে সেলামি এবং শ্রমচুক্তি পর্যালোচনা এই শিল্পকে ঘুরে দাঁড় করানোর ক্ষেত্রে অনেকটাই সাহায্য করবে। ওই বণিকসভার সেক্রেটারি জেনারেল মনোজিৎ দাশগুপ্ত একই মন্তব্য করে বলেন, পাতির উপরে সেস আপাতত না-নেওয়ার সিদ্ধান্তও উৎপাদনের খরচ কমানোয় সাহায্য করবে।

Strike hits banking, insurance sectors

By Aarti Dhar

NEW DELHI, FEB. 24. An estimated 50 million people — including government employees — observed a nationwide general strike today, demanding a review of the Supreme Court judgment on the right to strike and reversal of the Government's economic policies.

While the strike was total in the Left-ruled States, it affected normal life in the rest of the country. The financial sector was affected, with the employees of banks and insurance companies joining the strike. There were reports of lathicharge and arrests in some States.

The strike, called by the central trade unions and industrial federations, was total in West Bengal, Kerala and Tripura and resulted in a "bandh-like" situation in Assam, Haryana, Orissa and Jharkhand. In Tamil Nadu, government employees and teachers did not participate as they had been penalised last year for abstaining from work. The Indian National Trade Union Congress, supported by the Congress, and the Sangh Parivar-backed Bharatiya Mazdoor Sangh and Hind Mazdoor Sabha, also kept away.

The president of the Centre of Indian Trade Unions (CITU), M.K. Pandhe, told presspersons that the working class had "magnificently responded" to the strike call. The working class had asserted its right to strike in the face of the prohibition by the Supreme Court, the "disastrous" economic policies of the Centre — which had resulted in deepening poverty, growing unemployment, reckless privatisation and closures — and the repeated attacks on the labour class. "The massive response to the strike by the working class thoroughly exposes the hollowness of the massive propaganda blitz by the National Democratic Alliance Government on the so called feel-good factor."

There were reports of lathicharge and large-scale arrests in Delhi, Haryana, Orissa and Pondicherry. No flights took off from Kolkata and rail traffic was disrupted at several places.

Despite opposition from some unions, the strike hit operations in the Kolkata, Haldia, Cochin, Gujarat, Paradip, Tuticorin and Mumbai ports. Oil installations in Tripura, Assam, West Bengal and Bihar were affected, the CITU representatives claimed.

A large number of coal miners, employees of public sector undertakings in Bangalore, Hyderabad and Visakhapatnam, plantation workers, construction labourers and those employed in the steel plants in Salem, Durgapur and Burnpur also took part in the strike.

The CITU, the All-India Trade Union Congress, the All-India Central Council of Trade Unions, the Trade Union Coordination Centre, the United Trade Union Centre and the UTUC (LS) backed the strike. The All-India Bank Employees Association, the All-India Insurance Employees Association, the All-India State Government Employees Federation and the Confederation of Central Government Employees and Workers also supported it. Over 15 lakh civilians employed in the defence production sector and some employees of the Income Tax department also extended their support.

"The strike was to protest against the fraud being perpetrated by way of the feel-good factor by the Government. If India is really shining, the response would not have been so massive," the AITUC general secretary, Gurudas Dasgupta, said.

He charged the Congress with backing the NDA by not coming out with its stand on the Centre's economic policies "The struggle will continue, irrespective of whichever party comes to power, and till there is a total reversal of these policies," he said.

A few passengers wait on a deserted platform at the Howrah station in Kolkata on Tuesday during a strike called by the Left-affiliated trade unions in protest against the Supreme Court judgment on strikes by government employees. — Photo: Sushanta Patronobish

THE HINDU 25 FEB 2004

SC clarifies stand on illegal strike by employees

Statesman News Service

NEW DELHI, Feb. 18. — The Supreme Court (coram, Pal, Singh, JJ) has held that going on an illegal strike would amount to unauthorised absence from work. The submission that a person on an illegal strike does not abandon his job is erroneous, the Bench observed.

Admitting an appeal by the Uttar Pradesh State Bridge Corporation Ltd against an Allahabad High Court order reinstating 168 of its employees who had been on an illegal strike for over eight months, the Supreme Court made a clear distinction between the rights of an employee going on a legal strike and another on an illegal strike.

"An illegal strike cannot by definition be 'authorised absence'," it stated, referring in this context to the definition of "continuous service" in Section 25B of the Industrial Disputes Act. Exclusion of persons on illegal strike from the definition clearly means that the period for which a person is on illegal strike does not amount to service, the court noted.

"Different considerations would, no doubt, prevail where the strike is legal. Workers on strike continue to be in service though they may have ceased work," it stated. Thus a person on illegal strike and a person on legal strike are both "absent", but the absence of the first is unauthorised, whereas the second is not, it observed. The UP Rajya Setu Nigam Karmachari Sangh had challenged the termination order of the UP State Bridge Corp. in the High Court. It had contested the argument that the employees were on an illegal strike. But the HC had ruled that illegal strike didn't amount to abandonment of service and reinstated the employees.

19 FEB 2004

বেআইনি ধর্মঘট অবৈধ ছুটি: কোর্ট

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি— ধর্মঘটের কোনও নৈতিক বা মৌলিক অধিকার নেই, সুপ্রিম কোর্ট সাম্প্রতিক অতীতে এই রায় দিলেও আজ সর্বোচ্চ আদালতের একটি রায়ে 'আইনসঙ্গত' ও 'বেআইনি' ধর্মঘটের মধ্যে পার্থক্য আবার স্বীকার করে নেওয়া হল। আজকের রায়ে যা বলা হয়েছে তা মূলত শিল্পবিবাদ আইনের পুনরুক্তি কিন্তু আগের রায়ের পরিপ্রেক্ষিতে আজকের রায় কিছুটা তাৎপর্যপূর্ণ।

আজকের রায় দিয়েছেন সর্বোচ্চ আদালতের বিচারপতি রুমা পাল ও দি পি সিংহের বেঞ্চ। ইউ পি স্টেট ব্রিজ কর্পোরেশন লিমিটেডের একটি আবেদনের ভিত্তিতে তাঁরা বলেছেন, বৈধ ছুটি ও অবৈধ ছুটির মধ্যে পার্থক্য আছে। যাঁরা বেআইনি ধর্মঘট করছেন তাঁদের ছুটি 'বৈধ' বলে গণ্য হতে পারে না।

এই প্রসঙ্গে শিল্পবিবাদ আইন উদ্ধৃত করে বিচারকেরা বলেছেন, অবিচ্ছিন্ন চাকরির সংজ্ঞা হল 'যে চাকরিতে কোনও ছেদ পড়েনি'। অসুস্থতা, বৈধ ছুটি, দুর্ঘটনা বা আইনসঙ্গত ধর্মঘট ও লকআউটের কারণে কাজে যোগ দিতে না-পারলেও তা চাকরিতে ছেদ বলে গণ্য হবে না। তা ছাড়াও এর মধ্যে পড়ে এমন কোনও কারণে অনুপস্থিতি যার জন্য কর্মচারী দায়ী নন। কিন্তু অবৈধ ধর্মঘট চাকরিতে ছেদ হিসাবে গণ্য হবে।

সুপ্রিম কোর্টের আগের রায়ের পরিপ্রেক্ষিতে এই রায় তাৎপর্যপূর্ণ হলেও বস্তুত আইনে যা আছে সেটাই উদ্ধৃত করেছেন বিচারকেরা। কাজেই এই রায় নিয়ে শ্রমিক নেতারাও উচ্ছ্বাস দেখাননি। সিটুর সভাপতি এম কে পান্ধে বলেছেন, "আগের রায়ে সর্বোচ্চ আদালত ধর্মঘটের অধিকারকেই আক্রমণ করেছিল। আর আজকের রায়ে শুধু আইনে যা বলা আছে সেটাই পুনরায় বলা হয়েছে।"

ANADABAZAR PATRIKA 19 FEB 2004

'State largest PF defaulter'

KOLKATA, Feb. 6. – The "labour friendly" Marxist state government now faces the blame of being the "largest provident fund defaulter in the state".

And the allegation was made by a section of representatives of tea garden workers at Writers' Buildings this evening after the commerce and industries minister, Mr Nirupam Sen, and the labour minister, Md. Amin, met workers' representatives with a tranche of proposals aimed at alleviating the crisis in the tea sector.

A committee, headed by the commerce and industries secretary, Dr Sabyasachi Sen, has penned a set of recommendations relating to productivity, production, land-labour ratio and which were laid inn front of the workers' representatives for their opinion.

Mr Samir Roy, while briefing reporters after the meeting on behalf of the Defence Committee for Plantation Workers, said: "Nearly 30 tea gardens are now closed and those that are open are paying only partial wages to its workers. The government itself is the biggest PF defaulter of the state. The terms of reference of the committee report had no mention of the starvation deaths in tea gardens or its causes.

— SNS

Orissa home secy gheraoed

BHUBANESWAR, Feb 6. — Employees of the state secretariat today gheraoed the home secretary, Mr Santosh Kumar, for several hours in protest against his alleged highhandedness. They even demanded his transfer from the department. If the government does not shift him, we will physically remove him from the department, threatened the employees. Though senior police officers with armed police force rushed to the spot to maintain law and order, they stood as mute spectators as the employees resisted entry of policemen to the secretariat campus. — SNS

THE STATESMAN 7 FEB 2004

State peddles conciliation officers

Statesman News Service

KOLKATA, Jan. 28. — It's no more a secret. The state government today publicly proclaimed that it wants, as final recourse, its own people to settle industrial disputes and, in the process, do away with traditional court-based resolution.

Urging the Centre to provide the state government "more powers", state labour minister Md Amin expressed his desire to appoint a panel of conciliation officers which would serve as an alternative to the labour tribunal.

Speaking at the inaugural session of a workshop, organised jointly by the International Labour Organisation (ILO) and the Union labour ministry, on "Strategies for Strengthening Conciliation Skills", the minister said: "Usually settlement through tribunal is a long drawn process and workers, more often than not, are unable to see it through. We must, hence, think of an alternative to the tribunal."

"The neutral conciliation officers would make sure that they settle cases in no more than a month after five or six sittings with the disputing parties. To enable us to appoint the conciliation officers, the existing labour laws can be amended," he added.

Appealing for "settlements minus strikes" in his speech, Mr Amin drew attention to "the usual trade union practice of over-framing demands so that their desired settlement is achieved after negotiation with the management".

ILO stand

KOLKATA, Jan. 28. — Mr Herman van der Laan, director ILO, India, said making changes in the industrial relations environment was more important than making changes in the system of dispute settlement. He urged state governments to establish a "monitoring unit for disputes" and a complementary "statistical and analytical database on various aspects of disputes". — SNS

29 JAN 2004

THE STATESMAN 29 JAN 2004

অসংগঠিত কর্মীদের পেনশন প্রকল্প ঘোষণা আজ

স্টাফ রিপোর্টার: নির্বাচনের মুখেই অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের জন্য পেনশন প্রকল্প চালু করছে কেন্দ্রীয় সরকার। 'আনঅর্গানাইজড সেক্টর ওয়ার্কার্স সোস্যাল সিকিউরিটি স্কিম, ২০০৩' শীর্ষক প্রকল্পটির আজ শুক্রবার উদ্বোধন করা হবে। যে-সমস্ত কর্মী প্রভিডেন্ট ফান্ড প্রকল্পের আওতায় নেই এবং যাঁদের মাসিক বেতন ৬৫০০ টাকা পর্যন্ত, তাঁরাই ওই পেনশন প্রকল্পের আওতায় আসবেন বলে জানান অতিরিক্ত কেন্দ্রীয় প্রভিডেন্ট ফান্ড কমিশনার এ বিশ্বনাথন। প্রকল্পের আওতায় আসবেন দেশের ৩৭ কোটি কর্মী।

বৃহস্পতিবার কলকাতায় কর্মচারী পেনশন প্রকল্প (ই পি এস) নিয়ে সি আই আই আয়োজিত আলোচনাসভা শেষে বিশ্বনাথন জানান, নতুন প্রকল্প অনুযায়ী অসংগঠিত ক্ষেত্রের কর্মীরা মাসে ৫০০ টাকা করে পেনশন পাবেন। পাশাপাশি স্বাস্থ্য বিমার সুবিধাও তাঁদের দেওয়া হবে। কোনও কর্মী চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি থাকাকালীন দিনে ৫০ টাকা করে ভাতা পাবেন। চাকরি থেকে অবসর নেওয়ার পরেই পেনশন পেতে থাকবেন কর্মীরা। কর্মীর মৃত্যু হলে তাঁর স্ত্রীকে ওই পেনশন দেওয়া হবে।

পেনশন প্রকল্পের তহবিলটি কর্মী, নিয়োগকারী এবং কেন্দ্রীয় সরকারের টাকা দিয়ে তৈরি করা হবে। মোট ওই তিনটি সুবিধা পাওয়ার জন্য প্রতিটি কর্মীকে মাসে ৫০ টাকা করে পেনশন তহবিলে দিতে হবে। নিয়োগকারী দেবেন মাসে ১০০ টাকা করে। তহবিলে কেন্দ্রীয় অনুদান হবে বছরে ২৫০ টাকা।

এই দিন কর্মচারী পেনশন প্রকল্প নিয়ে আলোচনা করতে গিয়ে সভায় বিশ্বনাথন মন্তব্য করেন, কর্মীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে নগদ টাকা অপেক্ষা মাসিক পেনশন অনেক বেশি সুবিধাজনক হবে। কারণ, ক্রমহ্রাসমান সুদের হার এবং মুদ্রাস্ফীতির ঝুঁকি পেনশনে থাকে না।

ই পি এস-এর ক্ষেত্রে কোনও সংস্থা ইচ্ছা করলে কর্মীদের অনুমোদন নিয়ে নিজেরাই বিকল্প পেনশন প্রকল্প চালু করতে পারে। সে ক্ষেত্রে এই প্রকল্পের সুবিধা ই পি এস-এর থেকে বেশি অথবা একই রকম হতে হবে। কর্মীরা দীর্ঘদিন বেঁচে থাকলেও পেনশন চালু রাখার নির্দিষ্ট প্রতিশ্রুতি দিতে হবে কর্তৃপক্ষকে।

ANADABAZAR PATRIKA 23 JAN 2004

Jute mill workers beat up top official

HF 3 1911 Labour & S. Lunch

HT Correspondent
Naihati, January 18

A SENIOR executive of Hukumchand Jute Mill in Naihati was on Sunday severely beaten up by thousands of labourers, who feared that their salaries might be slashed.

Rumours floated from the morning that the mill authorities were planning to shift the power loom machine to the No 5 unit, which would entail cutting down on the staff strength and the salary figures. The men also feared that the unit might be closed down as a result.

The word spread fast and soon some hundreds of labourers gathered at the mill premises. Without waiting for any assurance or explanation, they went on the rampage. The mill wall was demolished even as the crowd swelled into thousands.

Narad Muni Misra, the mill's personnel manager, was in his room when he was caught unawares by the 2000-strong mob of angry workers. The labourers stormed into his room and beat him up severely.

Three mill staffers, who tried to rescue Misra from the clutches of the irate workers, were in turn beaten up. Others smashed all the furniture in the room and broke open the almirahs storing important official records.

Not satisfied with the trail of damage behind them, the workers converged in front of the mill and blocked on the road. The police rushed to the spot but the labourers continued with their agitation. All work at the mill was stopped to break the protest. Misra was admitted to a nursing home, bleeding profusely.

"We heard that our daily salary of Rs 178 would be reduced to Rs 150," said Shibkumar Saha, one of the protestors. "The mill owner and the union were together shifting the power loom and we learnt that no new machine would be replace the old one. Instead, the authorities were planning to launch an electric operating system. This would mean reduction in staff strength."

The mill employs 10,000 labourers.

Union leaders and the mill authorities denied any plans on the board of shedding work force. "It's a baseless allegation," said Preety Roy, Chowdhury, leader of the Citu-backed BMCU. "There are no plans to stop this unit and slash salaries. Only the power loom sector was being shifted," added B.K. Chand, the security officer of the mill.

Policemen have been posted in the area to prevent any further agitation, said Kanad Bhattacharya, SDPO of Barrackpore.

THE HIDUSTAN TIMES 19 JAN 20..

Jute strike called off

A STAFF REPORTER

Calcutta, Jan. 8: The strike in the jute industry was withdrawn today following an agreement ensuring an additional Rs 264 every month from February for nearly 2.5 lakh workers.

The mills, however, will resume production on Saturday. Several trade unions had called the indefinite strike from December 29 demanding, among other things, restoration of variable dearness allowance on the basis of the cost of living index.

Jute mill owners today agreed to the DA demand but forced the unions to agree on productivity-linked wages.

Labour minister Mohammed Amin, who chaired a series of tripartite meetings to end the deadlock in the past two weeks, told reporters that the agreement would help increase productivity and benefit workers financially.

Apart from restoring the DA, Amin said, the mill workers would get an annual increment of Rs 10. The DA would be worth Rs 254.

About 50,000 workers in 59 jute mills, whose wages were reduced following flaws in the interpretation of certain clauses in the January 2002 agreement, would now be treated on a par with other workers and ensured of a daily wage of nearly Rs 160 per day at entry level, Amin said.

Sanjay Kajaria, the chairman of the Indian Jute Mills Association, said the agreement would ensure the industry's "peace and viability".

He added that the best part of the settlement was linking wages with productivity. Workers can now earn more and production is expected to up.

An industry estimate put the additional financial commitment for a mill at around Rs 15 lakh every month.

Driver stoned

Behrampore, Jan. 8: The driver of a Calcutta State Transport Corporation bus, Dulal Mondal, was killed by a mob here this morning.

Though Mondal managed to save a nine-year-old girl who ran in front of the speeding vehicle on National Highway 34, about 210 km from Calcutta, the mob was angry because she was injured and had to be hospitalised. The bus was on its way to Calcutta from Khejuria in Malda.

THE TELEGRAPH 9 JAN 2003